

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬২৪  
সাবুম, ১৯ জানুয়ারি, ২০২৪

**দুর্ঘটনায় মৃত খাদ্য দপ্তরের কর্মীর পরিবারকে আর্থিক সহায়তা**

খাদ্য, ক্রেতা স্বার্থ বিষয়ক ও জনসংভৱণ মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ সাবুমে খাদ্য দপ্তরের কর্মী সম্প্রতি দুর্ঘটনায় মৃত সুভাষ মহাজনের বাড়িতে যান। গত ১৭ জানুয়ারি এক দুর্ঘটনায় খাদ্য দপ্তরের কর্মী সুভাষ মহাজনের মৃত্যু হয়। খাদ্যমন্ত্রী সাবুম তহশীল কাছারী অফিস সংলগ্ন বাড়িতে গিয়ে শোকসন্তপ্ত পরিবারকে সমবেদনা জানান। এসময় খাদ্যমন্ত্রী মৃতের স্ত্রী এবং ছেলে ও মেয়ের হাতে ব্যক্তিগতভাবে ও খাদ্য দপ্তরের কর্মচারিদের পক্ষ থেকে আর্থিক সহায়তা হিসেবে তিনি লক্ষ টাকার ড্রাফট তুলে দেন। এই দুঃসময়ে মৃতের পরিবারের পাশে খাদ্য দপ্তর এবং রাজ্য সরকার সমস্ত রকম সহায়তা করবে বলে তাদের আশ্বস্ত করেন। খাদ্যমন্ত্রীর সাথে উপস্থিত ছিলেন খাদ্য দপ্তরের অধিকর্তা নির্মল অধিকারী, অতিরিক্ত অধিকর্তা অনিমেষ দেববর্মা, সাবুম মহকুমার মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত, মহকুমা পুলিশ আধিকারিক দুলাল দত্ত, প্রাক্তন বিধায়ক শঙ্কর রায়, সমাজসেবী শাস্তিপ্রিয় ভৌমিক প্রমুখ। তাছাড়া সাবুমের মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত নিজ ও মহকুমা প্রশাসনের সমস্ত কর্মচারিদের পক্ষ থেকে মৃতের পরিবারের হাতে আর্থিক সহায়তা তুলে দেন।

\*\*\*\*\*